গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd



স্মারক নং-৮০.০০.০০০০.১০৭.১১.০০০৭.২২(অংশ-৫)-৪০২

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩ / ০১ সেপ্টেম্বর ২০২৬

# বিজ্ঞপ্তি

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের অধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের "সিনিয়র স্টাফ নার্স" (১০ম গ্রেড) পদের বাছাই পরীক্ষার (MCQ Type) কেন্দ্র, সময়সূচি, আসন ব্যবস্থা ও নির্দেশাবলি।**

স্বাস্থ্য সেবা বিভাগের অধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের **"সিনিয়র স্টাফ নার্স"** (১০ম গ্রেড) পদের প্রার্থীদের ১ ঘন্টা ব্যাপী বাছাই (MCQ Type) পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্র সমূহে বর্ণিত তারিখ, সময় ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে:

| পদের নাম, গ্রেড বিজ্ঞপ্তির তারিখ ও নম্বর | পরীক্ষার তারিখ ও সময় | ক্র: নং | পরীক্ষার কেন্দ্র | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| **"সিনিয়র স্টাফ নার্স"** (১০ম গ্রেড) বিজ্ঞপ্তির তারিখ ৩১.০৮.২০২৫ বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-১২৮ | **২৮.০৯.২০২৬ (সোমবার)** বিকাল ৩.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | ০১. | গভর্নমেন্ট কলেজ অব অ্যাপ্লাইড হিউম্যান সাইন্স (পূর্বের গার্হস্থ্য অর্থনীতি কলেজ), আজিমপুর, ঢাকা | **000001-002750** | ২৭৫০ জন |
| | | ০২. | বনানী বিদ্যানিকেতন স্কুল এন্ড কলেজ রোড: ২৩/এ, ব্লক-বি, বনানী মডেল টাউন, ঢাকা | **002751-005251** | ২৫০০ জন |
| | | ০৩. | ইস্পাহানি বালিকা বিদ্যালয় ও মহাবিদ্যালয় ৩, রাশেদ খান মেনন সড়ক (নিউ ইস্কাটন রোড), মগবাজার, ঢাকা | **005252-006751** | ১৫০০ জন |
| | | ০৪. | বিজি প্রেস হাই স্কুল ৩৭০-৩৭২ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা | **006752-008751** | ২০০০ জন |
| | | ০৫. | গবর্নমেন্ট সায়েন্স হাইস্কুল, তেজগাঁও, ঢাকা | **008752-010251** | ১৫০০ জন |
| | | ০৬. | মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মিরপুর-১, ঢাকা | **010252-011351** | ১১০০ জন |
| | | ০৭. | মিরপুর সরকারি মহিলা কলেজ, সেকশন-২, মিরপুর, ঢাকা | **011352-012351** | ১০০০ জন |
| | | ০৮. | ঢাকা শিক্ষা বোর্ড ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ প্রিন্সিপাল আবুল কাশেম সড়ক, মিরপুর-১, ঢাকা | **012352-014301** | ১৯৫০ জন |
| | | ০৯. | দুয়ারীপাড়া সরকারি কলেজ, রূপনগর, মিরপুর, ঢাকা | **014302-015301** | ১০০০ জন |
| | | ১০. | মিরপুর ডেভেলপমেন্ট কমিটি (এম.ডি.সি) মডেল স্কুল এন্ড কলেজ, ১২-বি, পল্লবী, মিরপুর, ঢাকা | **015302-017101** | ১৮০০ জন |
| | | ১১. | পল্লবী মাজেদুল ইসলাম মডেল হাই স্কুল, পল্লবী, ঢাকা | **017102-019101** | ২০০০ জন |
| | | ১২. | পল্লবী সরকারি কলেজ, পল্লবী, ঢাকা | **019102-020151** | ১০৫০ জন |
| | | ১৩. | ধানমন্ডি গভ: বয়েজ হাই স্কুল, ঢাকা-১২০৭ | **020152-022151** | ২০০০ জন |
| | | ১৪. | সরকারি লালমাটিয়া হাউজিং সোসাইটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ব্লক-বি, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা | **022152-024151** | ২০০০ জন |
| | | ১৫. | মোহাম্মদপুর কমার্শিয়াল ইনস্টিটিউট সরকারি মাধ্যমিক বিদ্যালয়, সাতমসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা | **024152-025351** | ১২০০ জন |
| | | ১৬. | কিশলয় বালিকা বিদ্যালয় ও কলেজ তাজমহল রোড, মোহাম্মদপুর, ঢাকা | **025352-026951** | ১৬০০ জন |
| | | ১৭. | লালমাটিয়া গার্লস হাই স্কুল এন্ড কলেজ, মোহাম্মদপুর, ঢাকা | **026952-029451** | ২৫০০ জন |
| | | ১৮. | মোহাম্মদপুর উচ্চ বালিকা বিদ্যালয় নুরজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা | **029452-200415** | ২৬০০ জন |
| | | ১৯. | সরকারি মোহাম্মদপুর মডেল স্কুল অ্যান্ড কলেজ গজনবী রোড, কলেজ গেইট, মোহাম্মদপুর, ঢাকা | **200416-202515** | ২১০০ জন |
| | | ২০. | বি এ এফ শাহীন হাজী আশ্রাফ আলী হাই স্কুল পূর্ব শেওড়াপাড়া, কাফরুল, ঢাকা | **202516-300343** | ১১০০ জন |
| | | ২১. | হাজী আলী হোসেন স্কুল এন্ড কলেজ মিরপুর-১৩, কাফরুল, ঢাকা | **300344-400246** | ১৫০০ জন |
| | | ২২. | ইবরাহিমপুর সালাহউদ্দিন শিক্ষালয় ১৩৮১ পূর্ব শেওড়াপাড়া, মিরপুর, কাফরুল, ঢাকা | **400247-500070** | ১১০০ জন |

ক্রমশ/--২

| পদের নাম, গ্রেড বিজ্ঞপ্তির তারিখ ও নম্বর | পরীক্ষার তারিখ ও সময় | ক্র: নং | পরীক্ষার কেন্দ্র | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| **"সিনিয়র স্টাফ নার্স"** (১০ম গ্রেড) বিজ্ঞপ্তির তারিখ ৩১.০৮.২০২৫ বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-১২৮ | **২৮.০৯.২০২৬ (সোমবার)** বিকাল ৩.০০ মিনিট হতে বিকাল ৪.০০ মিনিট পর্যন্ত | ২৩. | শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয় শেরেবাংলা নগর, ঢাকা | 500071-700052 | ২৫০০ জন |
| | | ২৪. | আগারগাঁও তালতলা সরকারি কলোনী উচ্চ বিদ্যালয় ও কলেজ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা | 700053-800110 | ২৫০০ জন |
| | | ২৫. | আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয় আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা | 800111-801310 | ১২০০ জন |
| | | ২৬. | মাল্টিপারপাস হলরুম, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ | 801311-801600 | ২৮৭ জন |

**সময়সূচি ও নির্দেশাবলি:**

| সময় | পরীক্ষার্থীদের করণীয় |
|---|---|
| বেলা ২.০০ মিনিট | পরীক্ষার্থীগণ নির্ধারিত পরীক্ষার হলে প্রবেশ করে নিজ নিজ আসন গ্রহণ করবেন। |
| বেলা ২.৩০ মিনিট | প্রার্থীদের উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিস্ট্রেশন নম্বর কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে নিচের সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে পরিদর্শকগণের নির্দেশনা অনুযায়ী হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। |
| বিকাল ৩.০০ মিনিট | পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রের ০৪টি সেট থাকবে যেমন- সেট-১, সেট-২, সেট-৩, সেট-৪। পরীক্ষার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে অনুরূপ/একই সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চিত হয়ে পরীক্ষার্থী উত্তর প্রদান শুরু করবেন। পরীক্ষা শুরু হওয়ার পর কোনো পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না এবং পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী কেন্দ্র থেকে বের হতে পারবেন না। |
| বিকাল ৪.০০ মিনিট | পরীক্ষা শেষ হলে পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র নিয়ে যাবেন। |

২. ২.১ পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিট সংবলিত। কোনো পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিটের কম সংখ্যার হলে বাম দিকের ঘর/ঘরগুলো ০ (শূন্য) দিয়ে পূরণ পূর্বক রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের প্রযোজ্য ঘরে কলো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে নিচের প্রযোজ্য বৃত্ত ভরাট করতে হবে।

২.২ প্রবেশপত্রের নিচে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়তে এবং অনুসরণ করতে হবে।

২.৩ বিকাল ৩.০০ মিনিটে প্রশ্নপত্র বিতরণের পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না। প্রশ্নপত্র বিতরণের পর থেকে পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী কক্ষ ত্যাগ করতে পারবেন না।

২.৪ প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে। মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২.৫ ভুয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে বিশেষ তল্লাশি অভিযান পরিচালনার ব্যবস্থা করা হবে।

২.৬ পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ/মানিব্যাগ, হাত ঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনোরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় পরীক্ষার্থীগণ কানের উপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে। পরীক্ষার হলে পরীক্ষার্থীগণ অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না। পরীক্ষার হলে ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড/সদৃশ কোনো কিছু বহন করা যাবে না। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২.৭ পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে তার প্রার্থীতা বাতিল হবে।

২.৮ পরীক্ষায় মোট ১০০ (একশত) টি প্রশ্ন থাকবে। পরীক্ষার নম্বর বণ্টন হবে বাংলা-২০, ইংরেজি-২০, সাধারণ জ্ঞান-২০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল-৪০ নম্বরসহ পূর্ণমান ১০০ (একশত) নম্বর। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য প্রার্থী ০১ (এক) নম্বর পাবেন। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর করে কাটা যাবে। পরীক্ষার পূর্ণ সময় ১ (এক) ঘন্টা।

ক্রমশ/--৩

২.৯ প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের ১৭-০৯-২০২৬ তারিখের মধ্যে (অফিস চলাকালীন) শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-৭ বরাবর আবেদন পত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে শ্রুতিলেখক মনোনয়ন দেওয়া হবে।

২.১০ প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতি পত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে।

২.১১ কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রসহ প্রার্থীদের উল্লিখিত পদসমূহের বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীদের অনুকূলে নতুন করে কোনো প্রবেশপত্র ইস্যু করা হবে না।

২.১২ কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২.১৩ কোনো পরীক্ষার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের উল্লেখযোগ্য (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

২.১৪ পরীক্ষা চলাকালীন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য/সাংবাদিক/গোয়েন্দা সংস্থার সদস্য, পিএসসির প্রতিনিধি বা অন্য কোনো পরিচয় দিয়ে কোনো ব্যক্তি পরীক্ষা কেন্দ্রে এবং হলসমূহে অনধিকার প্রবেশ করতে চাইলে প্রবেশপথে দায়িত্বপালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি অবহিত করবেন। কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধান তার পরিচয় সম্পর্কে যথাযথভাবে নিশ্চিত হবেন এবং প্রয়োজনে প্রবেশের অনুমতি প্রদান করবেন।

০২/০৯/২০২৬

মোঃ মাহফুজুর রহমান
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
[চলতি দায়িত্ব]